গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
হবিগঞ্জ
www.habiganj.gov.bd

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব মোহাম্মদ কামরুল হাসান
জেলা প্রশাসক, হবিগঞ্জ।
সভার তারিখঃ ৩১/০১/২০২১ খ্রি.
সভার সময়ঃ বিকাল ০৪.০০ ঘটিকা
সভার স্থানঃ জেলা প্রশাসকের অফিস কক্ষ
উপস্থিতিঃ পরিশিষ্ট 'ক' সদয় দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভায় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ বাস্তবায়ন সংক্রান্ত পরিবীক্ষণ কাঠামো নিয়ে বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	নৈতিকতা কমিটির সভা আহবান ও সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন	প্রতি কোয়ার্টারে আবশ্যিকভাবে নৈতিকতা কমিটির সভা আহবান এবং নৈতিকতা কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন করার বিষয়ে আলোচনা হয়।	১) নৈতিকতা কমিটির সভা আহবান এবং নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণসহ স্ব-স্ব ওয়েবপোর্টালে আপলোডের সিদ্ধান্ত গৃহীত হয়।	অতিরিক্ত জেলা প্রশাসক (সাঃ) ও সহকারী কমিশনার, আইসিটি শাখা
০২	সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা সংক্রান্ত	সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা বিষয়ে আলোচনা হয়।	সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে দক্ষতা ও নৈতিকতা উন্নয়ন কমিটি গঠন এবং প্রতি কোয়ার্টারে একটি করে সভা আহবান আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।	অতিরিক্ত জেলা প্রশাসক (সাঃ)/ নেজারত ডেপুটি কালেক্টর
০৩	শুদ্ধাচার প্রতিষ্ঠায় সহায়ক আইন/ বিধি /নীতিমালা/ ম্যানুয়াল ও প্রজ্ঞাপন/ পরিপত্র এর প্রয়োগ/ বাস্তবায়ন সংক্রান্ত	শুদ্ধাচার প্রতিষ্ঠায় সহায়ক আইন/ বিধি/নীতিমালা/ ম্যানুয়াল ও প্রজ্ঞাপন/ পরিপত্র এর প্রয়োগ/ বাস্তবায়ন, সরকারি কর্মচারী (নিয়মিত উপস্থিতি) বিধিমালা ২০১৯, সরকারি কর্মচারী আচরণ বিধিমালা ১৯৭৯ এবং সরকারি ই-মেইল নীতিমালা, ২০১৮ এর বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে আলোচনা হয়।	শুদ্ধাচার প্রতিষ্ঠায় সহায়ক আইন/ বিধি/নীতিমালা/ ম্যানুয়াল ও প্রজ্ঞাপন সংরক্ষণ ও ওয়েবসাইটে প্রকাশ, সরকারি কর্মচারী (নিয়মিত উপস্থিতি) বিধিমালা ২০১৯ সরকারি কর্মচারী আচরণ বিধিমালা ১৯৭৯ এর বাস্তাবয়ন এবং সরকারি ই-মেইল নীতিমালা, ২০১৮ এর বাস্তবায়নে সিদ্ধান্ত গৃহীত হয়।	অতিরিক্ত জেলা প্রশাসক (সাঃ)/ সংশ্লিষ্ট শাখা কর্মকর্তা/ সহকারী কমিশনার, আইসিটি শাখা
০৪	ওয়েবসাইটে সেবাবক্স হালনাগাদকরণ সংক্রান্ত	সেবা সংক্রান্ত টোল ফ্রি নম্বর, শুদ্ধাচার সেবাবক্স, তথ্য অধিকার সেবা বক্স, অভিযোগ প্রতিকার ব্যবস্থা সেবাবক্স ও প্রকাশযোগ্য তথ্য সংক্রান্ত বিষয়ে আলোচনা হয়।	০১) সেবা সংক্রান্ত টোল ফ্রি নম্বরসমূহ স্ব-স্ব তথ্য বাতায়নে দৃশ্যমান করণ; ০২) স্ব-স্ব ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদকরণ; ০৩) বার্ষিকী কর্মপরিকল্পনা ২০২০-২০২১ ওয়েব সাইটে প্রকাশ; ০৪) ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবরে প্রেরণ; ০৫) শুদ্ধাচার সংক্রান্ত প্রজ্ঞাপন/নীতিমালা পরিপত্র/ কার্যবিবরণী ওয়েবসাইটে প্রকাশ; ০৬) অভিযোগ ও নিষ্পত্তি কর্মকর্তার নাম, পদবি, ঠিকানাসহ সেবাবক্স হালনাগাদ করণ; ০৭) অভিযোগ ও প্রতিকারের পরিসংখ্যান হালনাগাদ করণ; ০৮) অনলাইনে আবেদন সংক্রান্ত	সহকারী কমিশনার, আইসিটি শাখা

			ওয়েবসাইটে প্রকাশ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	
০৫	সুশাসন প্রতিষ্ঠা সংক্রান্ত	সুশাসন প্রতিষ্ঠা সংক্রান্ত বিষয়ে শুদ্ধাচার সংক্রান্ত উত্তম চর্চার তালিকা প্রণয়ন এবং অনলাইন সিস্টেমে অভিযোগ নিষ্পত্তি করে স্ব-স্ব ওয়েবসাইটে প্রকাশ সংক্রান্ত আলোচনা হয়।	ত্রৈমাসিক লক্ষ্যমাত্রা নির্ধারণের ভিত্তিতে শুদ্ধাচার সংক্রান্ত উত্তম চর্চার তালিকা প্রণয়ন করে স্ব-স্ব দপ্তর/ সংস্থায় প্রেরণ এবং অনলাইন সিস্টেমে অভিযোগ নিষ্পত্তি করে স্ব-স্ব ওয়েবসাইটে প্রকাশ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	অতিরিক্ত জেলা প্রশাসক (সাঃ)/ সংশ্লিষ্ট শাখা কর্মকর্তা
০৬	সেবা প্রদানে প্রকল্পের ক্ষেত্রে শুদ্ধাচার সংক্রান্ত	সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টার খোলা, নিরাপত্তা কর্মসূচি/প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি, উপকারভোগী নির্বাচণের মানদন্ড, উপকারভোগীদের তালিকা, প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি পরিদর্শন/ পরিবীক্ষণ এবং সুপারিশ বাস্তবায়ন বিষয়ে আলোচনা হয়।	০১) সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত সংরক্ষণ করা হয়েছে। সেবাগ্রহীতা প্রতিনিধির মাধ্যমে সেবা গ্রহন করলে প্রতিনিধির তথ্য লিপিবদ্ধ করে সেবা সংক্রান্ত মতামত গ্রহণ করা যাবে। ০২) সামাজিক নিরাপত্তা কর্মসূচি/ প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কিত প্রতিবেদন প্রেরণ করতে হবে। ০৩) সামাজিক নিরাপত্তা কর্মসূচিতে প্রাপ্ত বরাদ্দ এবং উপকারভোগী নির্বাচনের মানদন্ড দৃশ্যমান স্থানে ও ওয়েবসাইটে প্রকাশ করার সিদ্ধান্ত গৃহীত হয়। ০৪) সামাজিক কর্মসূচিতে উপকারভোগীদের তালিকা দৃশ্যমান স্থানে ও ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। ০৫) প্রকল্প পরিদর্শন/ পরিবীক্ষণ সংক্রান্ত প্রতিবেদন সুপারিশসহ প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপপরিচালক, স্থানীয় সরকার/ অতিরিক্ত জেলা প্রশাসক (সাঃ)/ সংশ্লিষ্ট কর্মকর্তা
০৭	ক্রয় ক্ষেত্রে শুদ্ধাচার সংক্রান্ত	রাজস্ব বাজেটের অধীনে ক্রয়কার্য পরিচালনার ক্ষেত্রে বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রণয়নের বিষয়ে আলোচনা হয়।	ক্রয়ক্ষেত্রে পিপিএ ২০০৬ এর ধারা ১১(২) ও পিপিআর ২০০৮ এর বিধি ১৬(৬) অনুযায়ী সরকারি রাজস্ব বাজেটের অধীনে ক্রয়কার্য পরিচালনায় অর্থবছরে বার্ষিক ক্রয়-পরিকল্পনা প্রণয়ন করে ওয়েব সাইটে প্রকাশ।	অতিরিক্ত জেলা প্রশাসক (সাঃ)/নেজারত ডেপুটি কালেক্টর
০৮	স্বচ্ছতা ও জবাবদিহিতা শক্তিশালীকরণ সংক্রান্ত	স্ব-স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বাস্তবায়ন, শাখা/অধিশাখা/অধিনস্থ অফিস পরিদর্শন, সচিবালয় নির্দেশমালা, ২০১৪ অনুযায়ী নথি শ্রেণি বিন্যাস, শ্রেণি বিন্যাসকৃত নথি বিনষ্টকরণ ও প্রাতিষ্ঠানিক গুণশুনানী বিষয়ে আলোচনা হয়	০১) স্ব-স্ব শাখা সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বাস্তবায়িত এবং ওয়েবসাইটে প্রকাশ , ০২) সংশ্লিষ্ট কর্মকর্তা সচিবালয় নির্দেশমালা মোতাবেক স্ব-স্ব শাখা/ অধিশাখা/ অধিনস্থ অফিস পরিদর্শন করে সুপারিশসহকারে পরিদর্শন প্রতিবেদন জেলা প্রশাসক বরাবরে প্রেরণ , ০৩) সচিবালয় নির্দেশমালা, ২০১৪ এর ৮৮-৯৯ এর নির্দেশ মোতাবেক নথির শ্রেণিবিন্যাস করে সংশ্লিষ্ট রেজিস্টার হালনাগাদ করা, ০৪) শ্রেণি বিন্যাসকৃত নথি বিনষ্টকরণ সংক্রান্ত বিষয়ে সচিবালয় নির্দেশমালা ২০১৪ এর ১০০-১০২ এর নির্দেশ অনুসারে নথি বিনষ্ট করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপপরিচালক/অতিরিক্ত জেলা প্রশাসক (রাঃ/সাঃ/শিক্ষা ও আইসিটি)/অতিরিক্ত জেলা ম্যাজিস্টেট/ সংশ্লিষ্ট শাখার কর্মকর্তা
০৯	শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি	শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধ সহায়ক কার্যক্রমে	০১) শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধ সহায়ক কার্যক্রমে কর্মকর্তা/	অতিরিক্ত জেলা প্রশাসক

	সংক্রান্ত	প্রতিরোধে সচেতনতামূলক সভা ও নৈতিকতা সম্পর্কিত পোস্টার/ লিফলেট তৈরি ও বিলির বিষয়ে আলোচনা হয়।	০২) দুর্নীতি প্রতিরোধ সহায়ক হিসেবে অনলাইনে পর্চা বিতরণ, ০৩) দুর্নীতি প্রতিরোধে জনসচেতনতামূলক সভা এবং ০৫) দুর্নীতি প্রতিরোধ সহায়ক হিসেবে নৈতিকতা সম্পর্কিত লিফলেট তৈরি ও বিলির ব্যবস্থা করা হয়েছে।	শাখার কর্মকর্তা
১০	শুদ্ধাচার চর্চার জন্য পুরস্কার প্রদান সংক্রান্ত	শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা ২০১৭ অনুযায়ী কর্মকর্তা-কর্মচারীগণের মধ্যে পুরস্কার প্রদানের বিষয়ে আলোচনা হয়	শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা ২০১৭ অনুযায়ী জেলা প্রশাসকের কার্যালয়/ মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণের মধ্যে পুরস্কার প্রদান এবং সেসাথে পুরস্কার প্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশের সিদ্ধান্ত গৃহীত হয়।	অতিরিক্ত জেলা প্রশাসক (সাঃ)/ সহকারী কমিশনার, আইসিটি শাখা
১১	কর্মপরিবেশ সংক্রান্ত	কর্মপরিবেশ উন্নয়ন অর্থাৎ স্বাস্থ্যবিধি অনুসরণ/ টিওএন্ডইভূক্ত অকোজো মালামাল বিনষ্টকরণ/ পরিস্কার পরিচ্ছন্নতা বৃদ্ধির বিষয়ে আলোচনা হয়	এ কার্যালয়ের কর্মপরিবেশ উন্নয়নে স্বাস্থ্যবিধি অনুসরণ/ টিওএন্ডইভূক্ত অকোজো মালামাল নিলাম/ বিনষ্টকরণ/ পরিস্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধিকরার কার্যক্রম গ্রহণ করা হয়েছে। বিনষ্টকৃত/অকেজো মালামালের শ্রেণিবিন্যাস তালিকা প্রণয়ন করে নেজারত ডেপুটি কালেক্টরকে দায়িত্ব প্রদান করা হয়েছে।	অতিরিক্ত জেলা প্রশাসক (সাঃ)/ সংশ্লিষ্ট কর্মকর্তা/নেজারত ডেপুটি কালেক্টর/ প্রশাসনিক কর্মকর্তা/ জেলা নাজির
১২	অর্থ বরাদ্দ	শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা অন্তর্ভূক্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য অর্থ বরাদ্দ সংক্রান্ত আলোচনা	শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য ব্যয়ভার নির্বাহের জন্য পরিকল্পনা চিহ্নিত করে সম্ভাব্য ব্যয় নির্বাহের জন্য ২,০০,০০০/- বরাদ্দ পাওয়া গিয়েছে।	অতিরিক্ত জেলা প্রশাসক (সাঃ)
১৩	পরিবীক্ষণ ও মূল্যায়ন	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা পরিবীক্ষণ ও মূল্যায়ন সংক্রান্ত আলোচনা	মন্ত্রিপরিষদ বিভাগ থেকে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী এ কার্যালয় কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২০২১ এর ত্রৈমাসিক প্রতিবেদন স্ব-স্ব ওয়েবসাইটে আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হয়।	অতিরিক্ত জেলা প্রশাসক (সাঃ)/ সহকারী কমিশনার, আইসটি শাখা

০৪/০২/২০২১

(মোহাম্মদ কামরুল হাসান)
জেলা প্রশাসক
হবিগঞ্জ।
ফোন : ০৮৩১-৬২১০০
ইমেইল : dchabiganj@mopa.gov.bd

স্মারক নম্বর- ০৫.৪৬.৩৬০০.০০৩.১৭.০০৫.২০- ১১২(৪০) তারিখঃ ০৪ ফেব্রুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ।

অনুলিপিঃ সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালায়, ঢাকা।
০২। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। উপপরিচালক, স্থানীয় সরকার, হবিগঞ্জ।
০৫। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব/সার্বিক/শিক্ষা ও আইসিটি)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, হবিগঞ্জ।
০৬। সহকারী কমিশনার ..... শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ।
০৭। জনাব ..... , সদস্য, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন কমিটি, হবিগঞ্জ
০৮। অফিস কপি।

০৪/০২/২০২১

(মোহাম্মদ কামরুল হাসান)
জেলা প্রশাসক
হবিগঞ্জ।